দৈনিক
আমাদের সময়

তারিখ ... 13 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# নান্দাইলে প্রধান শিক্ষক নেই ৫৮ বিদ্যালয়ে

হান্নান মাহমুদ, নান্দাইল • ময়মনসিংহের নান্দাইল উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোয় প্রধান শিক্ষক নেই ৫৮টিতে। সহকারী শিক্ষকের পদ শূন্য ৬৪টিতে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে কোনোমতে চলছে বিদ্যালয়গুলো। এতে করে বিদ্যালয়গুলোর পাঠদান ব্যাহত হচ্ছে।

অনেক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই ৫-৬ বছর ধরে। ৬৪ সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় কোনো কোনো বিদ্যালয়ে ৫ শিক্ষকের পাঠদান চালিয়ে যাচ্ছেন তিনজনে। অনেক সময় অতিরিক্ত খাটুনির ফলে সব ক্লাস নেওয়া সম্ভব হয়ে ওঠে না বলে জানান ভুক্তভোগী শিক্ষক-শিক্ষিকারা।

নান্দাইল উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসসূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে প্রাধন শিক্ষক পদে পদোন্নতি না দেওয়ার ফলে এমতাবস্থার সৃষ্টি হয়েছে। নান্দাইল উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনার কলি নাজনীন বলেন, উপজেলার শিক্ষা কমিটির সভায় আলোচনা করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। নান্দাইল উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম খান নাসিম বলেন, পাঠদান শেষে একজন শিক্ষকের পক্ষে প্রধান শিক্ষকের অতিরিক্ত দায়িত্ব পালন করা কঠিন।